

রাজশাহী পলিটেকনিক

অধ্যক্ষকে লাঞ্ছনার ঘটনায় গ্রেফতার ৯

সংবাদ : প্রতিনিধি, রাজশাহী

| ঢাকা, মঙ্গলবার, ০৫ নভেম্বর ২০১৯

রাজশাহী পলিটেকনিক ইনস্টিটিউটের অধ্যক্ষ ফরিদ উদ্দীন আহম্মেদকে লাঞ্ছনার ঘটনায় আরও চারজনকে আটক করেছে পুলিশ। গত রোববার রাতে মহানগরীর বিভিন্নস্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়েছে। এ নিয়ে এ ঘটনায় মোট নয়জনকে গ্রেপ্তার করল পুলিশ। তবে মামলার এজাহারভুক্ত আসামিদের এখনও গ্রেপ্তার করতে পারেনি পুলিশ।

মহানগরীর চন্দ্রিমা থানার ওসি শেখ মো. গোলাম মোস্তফা বলেন, আটককৃতরা সবাই ছাত্রলীগের নেতাকর্মী। সিসিটিভির ফুটেজ ও প্রত্যক্ষদর্শীদের সঙ্গে কথা বলে তাদের চিহ্নিত করা হয়েছে। মামলার এজাহারভুক্ত আসামিদের ধরতেও পুলিশ তৎপর রয়েছে।

এদিকে দ্বিতীয় দিনের মতো ছয় দফা দাবিতে অবস্থান কর্মসূচি পালন করছে পলিটেকনিক ইনস্টিটিউটের শিক্ষার্থীরা। তবে শিক্ষার্থীদের সংখ্যা খুবই কম।

এদিকে বাংলাদেশ কারিগরি শিক্ষা অধিদফতর থেকে গঠিত তিন সদস্যের তদন্ত কমিটি ঢাকা থেকে রোববার সন্ধ্যায় পলিটেকনিক ইনস্টিটিউট পৌঁছেছে। গতকাল সকাল থেকেই তারা

ইনস্টিটিউটের শিক্ষক-শিক্ষার্থীদের সঙ্গে কথা বলেছেন। ঘটনাস্থল পরিদর্শন ও পুকুরের পানির গভীরতাও পরিমাপ করেছেন। এছাড়া ইনস্টিটিউটের ১১১৯ নম্বর কক্ষে অবস্থিত ছাত্রলীগের টচার সেলও পরিদর্শন করেছেন। তদন্ত কমিটির এক কর্মকর্তা বলেন, এখনও আমরা তদন্তের প্রাথমিক পর্যায়ে রয়েছি। সবার সঙ্গে কথা বলে আমরা তথ্য সংগ্রহ করছি।

এদিকে ছাত্রলীগ পলিটেক ইনস্টিটিউট শাখার যুগ্ম সাধারণ সম্পাদক কামাল হোসেন সৌরভকে স্থায়ী বহিষ্কার করেছে কেন্দ্রীয় কমিটি। রাজশাহী মহানগর ছাত্রলীগ গঠিত ছয় সদস্যের তদন্ত কমিটিও গতকাল সকালে ইনস্টিটিউটে এসে শিক্ষকদের সঙ্গে কথা বলেছেন।

তারা দাবি করেছেন, একমাত্র কামাল হোসেন সৌরভ ব্যতীত ছাত্রলীগের আর কোন নেতাকর্মী হামলার সময় ছিলেন না।

উল্লেখ্য অনুপস্থিতির কারণে পরীক্ষার ফরম পূরণ করতে না দেয়ায় গত শনিবার দুপুরে নিজ কাফালয়ের সামনে থেকে টেনে হিঁচড়ে তুলে নিয়ে অধ্যক্ষকে ক্যাম্পাসের ভেতরের পুকুরে ফেলে দেয় ছাত্রলীগের নেতাকর্মীরা। তবে সত্যির জানার কারণে তিনি রক্ষা পান।